## উপজেলা পরিষদ, বাগেরহাট সদর, বাগেরহাট এর মে-২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভার তারিখ ও সময়: ২৯ মে ২০২৫ খ্রি:, সকাল ১১.০০ টা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাগেরহাট সদর।
সভাপতি : এস.এম.মুস্তাফিজুর রহমান
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বাগেরহাট সদর, বাগেরহাট।

সভায় উপস্থিত/ অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার ১৮/০৮/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৪৯৮ নং প্রজ্ঞাপন মোতাবেক উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ১৩ (ঘ) প্রয়োগ করে বাগেরহাট সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান-কে স্বীয় পদ থেকে অপসারণ করা হয় এবং স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার গত ১৮ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৪৯৯ নং প্রজ্ঞাপন মোতাবেক উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ১৩ ঙ এর উপধারা (১) প্রয়োগ করে বাগেরহাট সদর উপজেলা নির্বাহী অফিসার-কে পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত অতিরিক্ত দায়িত্ব হিসাবে বাগেরহাট সদর উপজেলা পরিষদের প্রশাসক পদে নিয়োগ প্রদান করা হয়। প্রজ্ঞাপন অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের প্রশাসনিক দায়িত্ব পালন এবং উপজেলা পরিষদের সকল আর্থিক ক্ষমতা প্রয়োগ করবেন।

অতঃপর সভায় নিম্নোক্ত ক্রমানুযায়ী আলোচনা ও তার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১</td><td>গত সভার কার্যবিবরণী অনুমোদন</td><td>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন পরিবর্তন, পরিমার্জন ও সংশোধনী প্রস্তাব আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সদস্যগণ না সূচক অভিমত ব্যক্ত করেন।</td><td>বিগত ৩০/০৪/২০২৫ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।</td><td>সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিভিন্ন ব্যয় ও প্রকল্প গ্রহণ</td><td colspan="3">২.১। বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি বিদ্যুৎ বিল সংক্রান্ত।<br>সভাকে অবহিত করা হয় যে, বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক উপজেলা পরিষদের জুন, ২০২৪ হতে মে, ২০২৫ পর্যন্ত পর্যন্ত সময়ের জন্য বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক বাগেরহাট সদর উপজেলা পরিষদের বিভিন্ন মিটারের বকেয়াসহ হাল পর্যন্ত বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ করা হয়েছে। মিটার ভিত্তিক বিলের বিবরণ নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>মিটার/হিসাব নং</th><th>স্থান/এলাকা</th><th>বিলের সময়কাল</th><th>টাকার পরিমাণ (বিলম্ব মাশুল বাদে)</th></tr>
<tr><td>০১</td><td>১৭৪০১১১৯ ১০০০</td><td>কেন্দ্রিয় মিটার</td><td>জুন,২০২৪ হতে মে,২০২৫ পর্যন্ত</td><td>৩,৭৬,৯০৪/-</td></tr>
<tr><td>০২</td><td>৬০৪৪৪১ ২১০০</td><td>অফিস মিলনায়তন</td><td>জুন,২০২৪ হতে মে,২০২৫ পর্যন্ত</td><td>২৯,৮৯৮/-</td></tr>
<tr><td>০৩</td><td>৩০১৯২৭৯ ৩৭৫০</td><td>উত্তরা পাম্প</td><td>জুন,২০২৪ হতে মে,২০২৫ পর্যন্ত</td><td>২,৭৮৮/-</td></tr>
<tr><td>০৪</td><td>৫৫৯৩৬১৪ ৩৭০০</td><td>কাকলী পাম্প</td><td>জুন,২০২৪ হতে মে,২০২৫ পর্যন্ত</td><td>৪,৯৮৬/-</td></tr>
<tr><td>০৫</td><td>৫৫৭৫৭৭৭ ২৭০০</td><td>গোধুলী-৩ পাম্প</td><td>জুন,২০২৪ হতে মে,২০২৫ পর্যন্ত</td><td>২,২৩৮/-</td></tr>
<tr><td>০৬</td><td>৬০১৭৯১৩ ৪১০০</td><td>উষা পাম্প</td><td>জুন,২০২৪ হতে মে,২০২৫ পর্যন্ত</td><td>৯,৪৯৪/-</td></tr>
<tr><td>০৭</td><td>০৪-৩২৫-৫৫০০</td><td>এলটি-ডি ২ রাস্তার বাতি</td><td>জুন,২০২৪ হতে মে,২০২৫ পর্যন্ত</td><td>৮,৪৮৪/-</td></tr>
<tr><td>০৮</td><td>০৪-৩২৫-৫৫৫০</td><td>এলটি-ডি ২ রাস্তার বাতি (উষা ভবন)</td><td>জুন,২০২৪ হতে মে,২০২৫ পর্যন্ত</td><td>৮,৪৮৪/-</td></tr>
<tr><td>০৯</td><td>০৪-৩২৫-৫৭০০</td><td>এলটি-ডি ২ রাস্তার বাতি</td><td>জুন,২০২৪ হতে মে,২০২৫ পর্যন্ত</td><td>৮,৪৮৪/-</td></tr>
<tr><td>১০</td><td>০৪-৩২৫-২৪৯৫</td><td>আনসার ব্যারাক</td><td>মে,২০২৫ পর্যন্ত</td><td>৬৮,১০০/-</td></tr>
<tr><td>১১</td><td>০৪-৩২৫-২১০৫</td><td>ডিবি-জি১ গ্রাউন্ড ফ্লোর</td><td>মে,২০২৫ পর্যন্ত</td><td>১১,১৫৭/-</td></tr>
<tr><td>১২</td><td>০৪-৩২৫-২১১০</td><td>ডিবি-জি২ গ্রাউন্ড ফ্লোর</td><td>মে,২০২৫ পর্যন্ত</td><td>৩৬,৭৩০/-</td></tr>
</table></td></tr>
</table>

চলমান পাতা-২

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | ০৪-৩২৫-২১২০ | ডিবি-জি১২ ১ম ফ্লোর | মে,২০২৫ পর্যন্ত | ১১,৫৫১/- |
| ১৪ | ০৪-৩২৫-২১১৫ | ডিবি-জি১১ ১ম ফ্লোর | মে,২০২৫ পর্যন্ত | ১১,৮৮০/- |
| ১৫ | ০৪-৩২৫-২১২৫ | ডিবি-জি২১ ২য় ফ্লোর | মে,২০২৫ পর্যন্ত | ১৪,৭২২/- |
| ১৬ | ০৪-৩২৫-২১৩০ | ডিবি-জি২১ ২য় ফ্লোর | মে,২০২৫ পর্যন্ত | ১২,৫৭৬/- |
| ১৭ | ০৪-৩২৫-২১৩৫ | ডিবি-জি৩১ ৩য় ফ্লোর | মে,২০২৫ পর্যন্ত | ২,১৮৯/- |
| ১৮ | ০৪-৩২৫-২১৪০ | ডিবি-জি৩২ ৩য় ফ্লোর | মে,২০২৫ পর্যন্ত | ১১,২৭৭/- |
| | | | সর্বমোট | ৬,৩১,৯৪২/- (ছয় লক্ষ একত্রিশ হাজার নয়শত বিয়াল্লিশ) টাকা |

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, স্মারক নং ৪৬. ০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ তারিখ: ১৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি: মূলে জারিকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ঢ) নং অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দিয়ে বিধি মোতাবেক বিদ্যুৎ বিল পরিশোধ করার নির্দেশনা রয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের নতুন ভবনে সকল বিদ্যুতের মিটার উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে করা হয়েছে। যে সকল দপ্তর নতুন ভবনে উঠেছে এবং পুরাতন ভবনে যে সকল দপ্তর রয়েছে সে সকল দপ্তরের নামে বিদ্যুতের মিটার সংশ্লিষ্ট দপ্তরের নামে নামকরণের বিষয়ে আলোচনা হয়। জুন/২০২৪ হতে মে/২০২৫ পর্যন্ত যে সকল মিটারে উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে বিল হয়েছে সে সকল বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে জুন/২০২৪ হতে মে/২০২৫ পর্যন্ত যে সকল মিটার উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে বিল হয়েছে সে সকল বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধ করা হবে। জুন/২০২৫ মাস হতে যে সকল দপ্তরের অফিস নতুন ভবনে উঠেছে এবং পুরাতন ভবনে যে সকল দপ্তর রয়েছে সে সকল দপ্তরের নামে বিদ্যুতের মিটার সংশ্লিষ্ট দপ্তরের নামে নামকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর।

৩ | ২০২৪-২৫ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বিভিন্ন ব্যয় ও প্রকল্প গ্রহণ

উপজেলা প্রকৌশলী জনাব এস, এম, হাসান ইবনে মিজান বলেন যে, ২০২৪-২৫ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমাকৃত মোট টাকা হতে সর্বমোট=২,০২,১২,৩৪৪/-(দুই কোটি দুই লক্ষ বারো হাজার তিনশত চুয়াল্লিশ টাকা) মাত্র টাকার স্কীম প্রাপ্তির স্বার্থে গত মাসিক সভার প্রকল্প দাখিলের জন্য সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রত্যেক ইউনিয়নে জনসংখ্যা ও আয়তনের ভিত্তিতে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের ব্যবহার নির্দেশিকা অনুযায়ী খাতওয়ারী বিভাজন করে সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদকে অবহিত করা হয়। তৎপ্রেক্ষিতে সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প পাওয়া গিয়াছে। যাহা গত ২৭/০৫/২০২৫ ইং তারিখের উপজেলা প্রকল্প বাছাই কমিটির ইউনিয়নওয়ারী সুপারিশকৃত স্কীমসমূহ নিম্নে পর্যায়ক্রমে উপস্থাপন করেন :-

২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় ইউনিয়নভিত্তিক গৃহীত স্কীমের তালিকা

কাড়াপাড়া ইউনিয়ন পরিষদ

| ক্রমিক নং | প্রকল্পের বিবরণ | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | কাড়াপাড়া ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের শিংড়াই গ্রামের রফিকুল ইসলামের বাড়ি হতে রব ড্রাইভারের বাড়ির অভিমুখে রাস্তার পাশে ড্রেন নির্মান। | ২,৪০,৭২০/- | ইজিপি টেন্ডার |
| ০২ | কাড়াপাড়া ইউনিয়নের ০৫ নং ওয়ার্ডের বাদেকাড়াপাড়া জাকিরের বাড়ির পার্শ্ব হতে সাইদের বাড়ির অভিমুখে রাস্তা ইটের সলিংকরন। | ১,৮০,৫৪০/- | ইজিপি টেন্ডার |
| ০৩ | ১) কাড়াপাড়া ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডের পাটর পাড়া গ্রামের রাব্বির বাড়ির সামনে থেকে তৈয়বের বাড়ির অভিমুখে রাস্তা সংস্কার ।২) কাড়াপাড়া ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডের কাড়াপাড়া গ্রামের রানা ভাইয়ের বাড়ির সামনে থেকে মানিকের বাড়ির অভিমুখে রাস্তা নতুন ইটের সোলিং করন। | ১,৮০,৫৪০/- | ইজিপি টেন্ডার |
| ০৪ | ০১ নং কাড়াপাড়া ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্টিলের আলমারি ও চেয়ার-টেবিল সরবরাহ। | ৩,০০,৯০০/- | ইজিপি টেন্ডার |
| ০৫ | কাড়াপাড়া ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের পোলঘাট গ্রামের কেন্দ্রীয় জামে মসজিদ সড়ক সংস্কার। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ০৬ | কাড়াপাড়া ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের সাবেকডাংগা প্রাথমিক বিদ্যালয়ের মাঠ থেকে মোহাম্মদ হালদারের পর্যন্ত ইটের সলিং মেরামত। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ০৭ | কাড়াপাড়া ইউনিয়নের ২নং ওয়ার্ডের বাগমারা গ্রামের পরেশের বাড়ির সামনে থেকে খাদেমের বাড়ির অভিমুখে রাস্তা ইটের সলিংকরন। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ০৮ | কাড়াপাড়া ইউনিয়নের বাদামতলা মিজানের বাড়ী হতে আলহাজ্ব | ২,০০,০০০/- | পিআইসি |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| | আ:সাইদের অভিমুখে রাস্তা ইটের সলিংকরন। | | | |
| ০৯ | কাড়াপাড়া ইউনিয়নের ১নং ওয়ার্ডের মাঝিডাঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পুকুর পাড়ে প্যালাসাইডিংকরন। | ২,০০,০০০/- | পিআইসি | |
| | বেমরতা ইউনিয়ন পরিষদ | | | |
| ১০ | বেমরতা ইউনিয়ন ১নং ওয়ার্ডের কোন্ডালা জাফর হাওলাদারের বাড়ীর সামনে কার্লবার্ট নির্মান। | ১,৪৪,২৪০/- | ইজিপি টেন্ডার | |
| ১১ | বেমরতা ইউনিয়ন ৫নং ওয়ার্ডের সেলিম হাওলাদারের বাড়ীর সামনে কার্লবার্ট নির্মান। | ১,৪৪,২৪০/- | ইজিপি টেন্ডার | |
| ১২ | বেমরতা ইউনিয়ন ৬নং ওয়ার্ডের ফতেপুর মুক্তিযোদ্ধা জয়নাল শেখের বাড়ী থেকে সরদার বাড়ীর অভিমুখে ইটের রাস্তা সংস্কার। | ১,৩০,৩০০/- | ইজিপি টেন্ডার | |
| ১৩ | বেমরতা ইউনিয়ন ৫নং ওয়ার্ডের বৈটপুর আক্তার শেখের বাড়ীর সামনে খালের উপর কার্লভটি নির্মান। | ১,৩০,৩০০/- | ইজিপি টেন্ডার | |
| ১৪ | বেমরতা ইউনিয়ন ২নং ওয়ার্ডের রাজাপুর গ্রামের হারেজ শেখের বাড়ি থেকে আকবর পাইক এর বাড়ীর অভিমুখে ইটের সলিং নির্মান। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার | |
| ১৫ | বেমরতা ইউনিয়ন ৬নং ওয়ার্ডের ফতেপুর মাধ্যমিক বিদ্যালয়ের (প্রস্তাবিত) শ্রেনী কক্ষে চেয়ার টেবিল সরবরাহ। | ৭০,৬০০/- | ইজিপি টেন্ডার | |
| ১৬ | বেমরতা ইউনিয়ন ৪নং ওয়ার্ডের ভদ্রপাড়া জামে মসজিদের সামনে বাদশা শেখের বাড়ী থেকে মতিন শেখ বাড়ী অভিমুখে ভায়া উজ্জল শেখের বাড়ীর অভিমুখে নতুন ইটের সলিং। | ১,১৬,০০০/- | ইজিপি টেন্ডার | |
| ১৭ | বেমরতা ইউনিয়ন ১নং ওয়ার্ডের কোন্ডলা কালীখোলা হতে দিপক কুমার সাহার বাড়ীর অভিমুখে নতুন ইটের সলিংকরন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার | |
| ১৮ | বেমরতা ইউনিয়নের ৫নং ওয়ার্ডের বাদামতলা কমিউনিটি ক্লিনিক সংস্কার। | ১,০৮,১৮০/- | ইজিপি টেন্ডার | |
| ১৯ | বেমরতা ইউনিয়নের ৮নং ওয়ার্ডের খাড়াসম্বল কমিউনিটি ক্লিনিক সংস্কার। | ১,০৮,১৮০/- | ইজিপি টেন্ডার | |
| ২০ | বেমরতা ইউনিয়নের ০৩ নং ওর্য়াডের খালকুলিয়া গ্রামের মসজিদ সংলগ্ন অসমাপ্ত আরসিসি সড়কসহ ইটের সলিং করন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার | |
| ২১ | বেমরতা ইউনিয়নের ফথেপুর গ্রামের দড়াটানা রিভারঘাট সড়ক উন্নয়ন। | ৫,০০,০০০/- | ইজিপি টেন্ডার | |
| ২২ | বেমরতা ইউনিয়ন বৈটপুর গ্রামের ৫নং ওর্য়াডের পাকা রাস্তা হইতে শেখ বাড়ির পুকুরের অভিমুখে মজিদ শেখের বাড়ির সামনের ইটের সলিং মেরামত করণ। | ১,৫০,০০০/- | ইজিপি টেন্ডার | |
| ২৩ | বেমরতা ইউনিয়ন ০৫নং ওর্য়াডের সেলিম হাওলাদারের বাড়ি হইতে জাকির শেখের বাড়ি পর্যন্ত ইটের সলিংকরন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার | |
| ২৪ | বেমরতা ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের খাড়াসম্বল কিশোর মন্ডলের বাড়ি হতে বিল্লাহ মোল্লার বাড়ীর অভিমুখে ইটের রাস্তা সংস্কার। | ২,০০,০০০/- | পিআইসি | |
| | গোটাপাড়া ইউনিয়ন পরিষদ | | | |
| ২৫ | গোটাপাড়া ইউনিয়নের দক্ষিন পাতিলাখালী মসজিদ ও মন্দির সংলগ্ন বক্স কালভার্ট। | ২,৭৬,৭২০/- | ইজিপি টেন্ডার | |
| ২৬ | গোটাপাড়া ইউনিয়নের ৮নং ওয়ার্ডের মৃত্যুঞ্জয় মিস্ত্রীর বাড়ি হতে কলাখালী স্কুলের দিকের রাস্তা ইটের সলিংকরন। | ২,০৭,৫৪০/- | ইজিপি টেন্ডার | |
| ২৭ | গোটাপাড়া ইউনিয়নের মুক্ষাইট বাজারে ল্যাটিন নির্মান। | ২,০৭,৫৪০/- | ইজিপি টেন্ডার | |
| ২৮ | ৪নং গোটাপাড়া ইউনিয়নের শেখ দাউদুল হকের বাড়ি থেকে দিদার শেখের বাড়ি পর্যন্ত প্যালাসাইডিংকরন। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার | |
| ২৯ | গোটাপাড়া ইউনিয়নের দেপাড়া নেসারিয়া মাদ্রাসা হতে মাওলানা মামুনুর রশিদের বাড়ি ইটের সলিংকরন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার | |
| ৩০ | গোটাপাড়া ইউনিয়নের ৩নং ওয়ার্ডের মুক্ষাহিট গ্রামের সেলিম শেখের | ২,০০,০০০/- | পিআইসি | |

চলমান পাতা-৪

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বাড়ি থেকে মকবুল শেখের বাড়ি পর্যন্ত ইটের সলিং করণ। | | |
| | বিষ্ণুপুর ইউনিয়ন পরিষদ | | |
| ৩১ | বিষ্ণুপুর ইউনিয়নের কুলিয়াদাইড় রুহুল মেম্বারের বাড়ীর সামনে কালভার্ট নির্মাণ। | ১,৩৯,৯২০/- | ইজিপি টেন্ডার |
| ৩২ | বিষ্ণুপুর ইউনিয়নের ডিংসাইপাড়া মোড়ল মোল্লার বাড়ী হইতে মসজিদের সামনে হইতে এমদাদুল পাইক এর বাড়ী পর্যন্ত ভায়া আমতলাঘাট পর্যন্ত ইটের সলিং করণ। | ২,০৯,৮৮০/- | ইজিপি টেন্ডার |
| ৩৩ | বিষ্ণুপুর ইউনিয়নের কৃ-কোড়ামারা খালেক দারোগার বাড়ী সামনে মেইন রাস্তা থেকে মহাসিন শেখের বাড়ীর অভিমুখে রাস্তা নতুন ইটের সলিং করণ। | ২,০৯,৮৮০/- | ইজিপি টেন্ডার |
| ৩৪ | বিষ্ণুপুর ইউনিয়ন পরিষদ সংলগ্ন পাবলিক টয়লেট নির্মাণ। | ২,০৯,৮৮০/- | ইজিপি টেন্ডার |
| ৩৫ | বিষ্ণুপুর ইউনিয়নের মান্দ্রা গ্রামের ০৪নং ওয়ার্ডের রুবেল শেখের বাড়ির পাশে ইউ ড্রেন নির্মান। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৩৬ | বিষ্ণুপুর ইউনিয়নের বাদোখালী সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে পশ্চিম দিকে চৌকিদার বাড়ির অভিমুখে রাস্তা ইটের সলিং দ্বারা উন্নয়ন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৩৭ | বিষ্ণুপুর ইউনিয়নের বেশরগাতী পশ্চিম পাড়া মেইন রাস্তা হতে কাজী বাড়ির ব্রীজ হয়ে ইদগাহ মিমের বাড়ি পর্যন্ত ইটের সলিং সংস্কার। | ২,০০,০০০/- | পিআইসি |
| | বারুইপাড়া ইউনিয়ন পরিষদ | | |
| ৩৮ | বারুইপাড়া ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের মধ্যপাড়া মসজিদ থেকে উত্তর দিকে শহীদুল এর বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সলিং করন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৩৯ | বারুইপাড়া ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের পপলুর বাড়ির থেকে ফরিদ সরদারের বাড়ির অভিমুখে নতুন ইটের সলিংকরন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৪০ | বারুইপাড়া ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের আড়পাড়া ইকবাল মোড়লের বাড়ী থেকে নাসির মোড়লের বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সলিং করন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৪১ | বারুইপাড়া ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের সোভন গ্রামের কালিকান্তের বাড়ি থেকে ভুবনের বাড়ি পর্যন্ত রাস্তায় ইটের সলিং করন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৪২ | বারুইপাড়া ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডের কোধলা পাকা রাস্তা হতে শ্মশান ঘাট পর্যন্ত রাস্তা সংস্কার। | ৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৪৩ | বারুইপাড়া ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের সোতাল বাচ্চু চৌকিদার এর বাড়ী থেকে সুবাস ঠাকুরের বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সলিং করন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৪৪ | বারুইপাড়া ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডের লাউপাড়া রথখোলা দেলোয়ারের বাড়ী হতে গোলাম মোস্তফার বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সলিং করন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৪৫ | বারুইপাড়া ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের কার্তিকদিয়া পশ্চিমপাড়া নতুন মসজিদ থেকে শহীদুল বিশ্বাসের বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সলিং করন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৪৬ | বারুইপাড়া ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের কাটাখালী বাজারে পাকা ঘাট নির্মান। | ১,৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৪৭ | বারুইপাড়া ইউনিয়নের কোদলা মাধ্যমিক বিদ্যালয়ের সাইকেল গ্যারেজ নির্মান। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৪৮ | বারুইপাড়া ইউনিয়নের কোদধা মাধ্যমিক বিদ্যালয়ের রাস্তা থেকে গেট পর্যন্ত সিসি ঢালাই নির্মান। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৪৯ | বারুইপাড়া ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের লাইপালা যাত্রাপুর বাজার হতে গুচ্ছ গ্রাম যাওয়ার রাস্তা (হেমায়েত শেখ )এর বাড়ীর সামনে ড্রেন নির্মান। | ৫২,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৫০ | বারুইপাড়া ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের বাকপুরা ওয়াপদা হতে মোতালেব জমাদ্দার এর বাড়ি পর্যন্ত ইটের সলিংকরন। | ১,৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৫১ | বারুইপাড়া ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের বাকপুরা পশ্চিম জামে মসজিদ মাঠে ইটের সলিং করন। | ৮০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৫২ | বারুইপাড়া ইউনিয়নের ৯নং ওয়ার্ড কাফুরপুরা এসপিসি স্কুল এন্ড কলেজের ছাত্র ছাত্রীদের পার্কিং গ্যারেজকরন। | ২,০০,০০০/- | পিআইসি |

চলমান পাতা-৫

| | | | |
|---|---|---|---|
| | যাত্রাপুর ইউনিয়ন পরিষদ | | |
| ৫৩ | যাত্রাপুর ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের ভূইয়াদের বাড়ী থেকে চন্ডিদাস এর বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সলিং করন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৫৪ | যাত্রাপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের মশিদপুর ঠাকুর বাড়ীর সামনে ইটের সলিং করন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৫৫ | যাত্রাপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডের উৎকুল মারুফ মোল্লার বাড়ীর সামনে কালভার্ট নির্মান। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৫৬ | যাত্রাপুর ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের উৎকুল বাজার বড় মাঠের পশ্চিম পাশে ইটের সলিং করন। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৫৭ | যাত্রাপুর ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের রহিমাবাদ টিংকু শেখের বাড়ীর সামনে কালভার্ট নির্মান। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৫৮ | যাত্রাপুর ইউনিয়নের ০১ নংওয়ার্ডের রহিমাবাদ সৌরভ শেখ এর বাড়ীর সামনে কালভার্ট নির্মান। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৫৯ | যাত্রাপুর ইউনিয়নের ০৫ নং ওয়ার্ডের আফরা গ্রামে ময়না বেগম/টুটুল এর বাড়ীর সামনে কালভার্ট নির্মান। | ১,৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৬০ | যাত্রাপুর ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের কোমরপুর ছুটের বাড়ীর সামনে কালভার্ট নির্মান। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৬১ | যাত্রাপুর ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের ইউপিআর দাখিল মাদ্রাসার ভবন সংস্কার। | ১,৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৬২ | যাত্রাপুর ইউনিয়নের ০৮ নং ওয়ার্ডের পাঁচালী খানজাহান আলী রহমাতুল্লাহ আলাইহি হাফিজিয়া ক্যাডেট মাদ্রাসার ভবন সংস্কার। | ১,০৭,২০০/- | ইজিপি টেন্ডার |
| ৬৩ | যাত্রাপুর ইউনিয়নের ০৫নং ওয়ার্ডের আফরা ইদগাহ ও মাদ্রাসার পাশ থেকে মাহামুদুল হাসানের বাড়ির দিকের রাস্তা। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৬৪ | যাত্রাপুর ইউনিয়নের ৬নং ওয়ার্ড কোমরপুর গ্রামের পাকা রাস্তা (মোতালেব শেখ)এর বাড়ি থেকে হারুন শেখের বাড়ীর অভিমুখে রাস্তা ইটের সলিংকরন। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৬৫ | যাত্রাপুর ইউনিয়নের ৫নং ওয়ার্ড আফরা স্কুল সংলগ্ন ফোরকানিয়া মাদ্রাসা সংস্কার। | ২,০০,০০০/- | পিআইসি |
| | ষাটগম্বুজ ইউনিয়ন পরিষদ | | |
| ৬৬ | সুন্দরঘোনা স্কুলের রাস্তা ইটের সলিংকরন। | ৭৫,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৬৭ | ষাটগম্বুজ ইউনিয়নের বারাকপুর কওসার মেম্বারের মাঠ থেকে আব্দুল কাদের শেখের বাড়ির দিকের রাস্তায় ইউড্রেন কালভার্ট নির্মান। | ১০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৬৮ | ষাটগম্বুজ ইউনিয়নের ৯নং ওয়ার্ডে পশ্চিম সায়েড়া হাওলাদার পাড়া আনোয়ারের দোকান থেকে আতিয়ারের বাড়ি পর্যন্ত প্যালাসাইডিংকরন। | ১,৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৬৯ | ষাটগম্বুজ ইউনিয়নের শ্রীঘাট সদুল্যাহপুর মহিলা দাখির মাদ্রাসার সম্প্রসারনকরন। | ২০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৭০ | ষাট গম্বুজ ইউনিয়নের বাদোখালী মালির পাড়া মালেক মিয়ার বাড়ি থেকে আবজালের দোকান পর্যন্ত ইট সলিং রাস্তা মেরামত। | ৭৫০০০/- | ইজিপি টেন্ডার |
| ৭১ | ষাট গম্বুজ ইউনিয়নের রণবিজয়পুর ইয়াছিনের বাড়ি থেকে মিজান ফকিরের বাড়ি পর্যন্ত রাস্তা ইট সলিং। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৭২ | ষাট গম্বুজ ইউনিয়নের সুন্দরঘোনা বন বিভাগের অফিসের পাশ দিয়ে খানজাহান আলী রাস্তা পর্যন্ত ইট সলিং সংস্কার এবং | ১,৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৭৩ | ষাটগম্বুজ ইউনিয়নের ০৪ নং ওর্য়াডের বাচ্চু শেখের বাড়ি হতে জালাল শেখ এর দোকান পর্যন্ত ইটের সলিংকরন। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৭৪ | ষাটগম্বুজ ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের পশ্চিমডাঙ্গা মোশারেফের বাড়ি হইতে মনসুর শেখ এর বাড়ি পর্যন্ত ইটের সলিং দ্বারা রাস্তা সংস্কার। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৭৫ | ষাটগম্বুজ ইউনিয়নের দশগম্বুজ হাজী আরিফ মাদ্রাসা মেরামত। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার |

চলমান পাতা-৬

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৭৬ | ষাট গম্বুজ ইউনিয়নের সুন্দরঘোনা ডাকুয়া ইকরাম মেম্বর বাড়ি ধানের খাইল থেকে আলতাফ শেখের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সলিংকরন। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৭৭ | ষাট গম্বুজ ইউনিয়নের পশ্চিম সায়েড়া আতার পুকুর পাড়ের মসজিদের দক্ষিন পাশে দেলোয়ারের বাড়ি থেকে হাসিবের বাড়ি সড়ক ইটের সলিংকরন। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৭৮ | ষাটগম্বুজ ইউনিয়নের বারুইডাংগা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অভিবাবকগনের বসার জন্য শেড নির্মান। | ২,০০,০০০/- | পিআইসি |
| ৭৯ | ষাটগম্বুজ ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যান সরবরাহ। | ২,০০,০০০/- | পিআইসি |
| | খানপুর ইউনিয়ন পরিষদ | | |
| ৮০ | খানপুর ইউনিয়নের উত্তর খানপুর লিয়াকত মোল্লার এর বাড়ি হতে সালাম মোল্লার বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিংকরন। | ১,৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৮১ | খানপুর ইউনিয়নের উত্তর খানপুর মোশা মোল্লার বাড়ি থেকে তারিক মোল্লার বাড়ির দিকের রাস্তা ইট সলিং। | ৭৫০০০/- | ইজিপি টেন্ডার |
| ৮২ | খানপুর ইউনিয়নের চুলকাঠি বাকি বিল্লাহর বাড়ি হতে ছত্তার মোড়লের বাড়ির দিকের রাস্তা ইট সলিং। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৮৩ | খানপুর ইউনিয়নের উত্তর খানপুর এবতেদায়ী মাদ্রাসার সম্প্রসারনকরন। | ১,৬৭,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৮৪ | খানপুর ইউনিয়ন পরিষদের সামনের রাস্তায় উত্তর পাশে পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৮৫ | খানপুর ইউনিয়নের ০৯নং ওর্য়াডের অনাথী মন্ডলের বাড়ি পাশের কার্পেটিং রাস্তা হতে দক্ষিন খানপুর দক্ষিন পালপাড়া শ্মশান পর্যন্ত বালি/মাটি দ্বারা ইটের সলিং সংস্কার ও নতুন ইটের সলিং করণ। | ২,২০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৮৬ | খানপুর ইউনিয়নের ০৩ নং ওর্য়াডের হাকিমপুর গ্রামের রাজারামের বাড়ি হতে অবনি দাসের বাড়ি পয্ন্ত সিসি রাস্তাকরন। | ২,৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৮৭ | খানপুর ইউনিয়নের রনজিতপুর শীতলাতলা মন্দির থেকে রনজিতপুর শ্মশান অভিমুখে রাস্তা ইটের সলিংকরন। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৮৮ | খানপুর ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যান সরবরাহ। | ২,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | রাখালগাছি ইউনিয়ন পরিষদ | | |
| ৮৯ | রাখালগাছি ইউনিয়নের সুগন্ধি মিঠু গোলদারের দোকানের নিকট সহাদেব সাহার বাড়ির পাশের রাস্তায় পানি নিষ্কাসনের জন্য ইউ ড্রেন নির্মান। | ৭৮,৯১৪/- | ইজিপি টেন্ডার |
| ৯০ | রাখালগাছি ইউনিয়নের পল্লী উন্নয়ন মাধ্যমিক বিদ্যালয়ের চেয়ার টেবিল সরবরাহ। | ৬০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৯১ | রাখালগাছি ইউনিয়নের সুগন্ধি হাফিজিয়া মাদ্রাসা হতে সবুর হাওলাদারের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সলিংকরন। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৯২ | রাখালগাছি ইউনিয়নের সৈয়দপুর রেজাউল মাওলানার বাড়ি হতে দেলোয়ার ঢালী বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সলিংকরন ও নুর ইসলাম খানের বাড়ি হতে আবু জাফর খান এর বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সলিংকরন। | ১,৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৯৩ | রাখালগাছি ইউনিয়নের বড় পাইকপাড়া এলজিইডি নার্সারী হতে আলী ফরাজীর বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সলিংকরন । | ৯৪,১২৮/- | ইজিপি টেন্ডার |
| ৯৪ | রাখালগাছি ইউনিয়নের কররী দক্ষিন পাড়া রমেন দাসের বাড়ি হতে গৌরাংগ দাসের ঘের অভিমুখে রাস্তা ইটের সলিংকরন। | ১,২০,০০০/- | ইজিপি টেন্ডার |
| ৯৫ | রাখালগাছী ইউনিয়নের হানিফার বাড়ি হতে সিদ্দিকের বাড়ি পযন্ত রাস্তা ইটের সলিংকরন এবং দুলারের পুকুরের পাশে প্যালসাইডিংকরন। | ২,২১,৭৫৮/- | ইজিপি টেন্ডার |
| ৯৬ | রাখালগাছী ইউনিয়নের কররী পোলের হাট রোডে পিচ রাস্তা হতে নিত্যরঞ্জন দাসের বাড়ী অভিমুখে রাস্তা উচুকরন ও ইটের সলিংকরন। | ২,০০,০০০/- | পিআইসি |
| | ডেমা ইউনিয়ন পরিষদ | | |
| ৯৭ | ডেমা ইউনিয়নের আ: রসুলপুর মাঠের পাশে কপীন ভীম সহ ব্রিক্স প্যালাসাইডিং ওয়াল করন। | ১,৮০,০০০/- | ইজিপি টেন্ডার |

চলমান পাতা-৭

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ৯৮ | ডেমা ইউনিয়নের সিদি ডেমা আয়েশা আহম্মদ হাতে মসজিদের পাশ থেকে আওলাদ মল্লিকের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সলিংকরণ। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ৯৯ | ডেমা ইউনিয়নের কাশিমপুর ০৪ নং ওয়ার্ডের শাহা আকমলের বাড়ী হইতে দক্ষিন দিকে কাটাখাল পর্যন্ত রাস্তা ইটের সলিংকরণ। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ১০০ | ডেমা ইউনিয়নের শ্রী নলবুনিয়া ৮ নং ওয়ার্ডের হযরত মল্লিকের বাড়ী থেকে খুকুর মল্লিকের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সলিংকরণ। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ১০১ | ডেমা ইউনিয়নের সিদি ডেমা নজরুল শেখের বাড়ি হতে মুজিবর শেখের বাড়ির অভিমুখে রাস্তা ইটের সলিংকরণ। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ১০২ | ডেমা ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডের ডেমা জব্বার তালুকদারের বাড়ি হতে আকবরের বাড়ি অভিমুখে রাস্তা ইটের সলিংকরণ। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ১০৩ | ডেমা ইউনিয়নের কাশিমপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে স্যানেটারী সামগ্রী বিতরণ। | ৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ১০৪ | ডেমা ইউনিয়নের কাজিয়া ০১ নং ওয়ার্ডের অজিত বুলেল শেখের বাড়ি হতে আলামের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সলিং করণ। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ১০৫ | ডেমা ইউনিয়নের ০৭ নং ওয়ার্ডের রাজু তরফদারের বাড়ি হতে হায়দার তরফদারের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সলিংকরণ। | ১,০০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ১০৬ | ডেমা ইউনিয়নের বড়ডাঙ্গারছিয়া ০৯ নং ওয়ার্ডের পাকা রাস্তা হতে ইব্রাহিম হাওলাদার এর বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সলিংকরণ। | ৭০,৮০০/- | ইজিপি টেন্ডার |
| | ১০৭ | ডেমা ইউনিয়নের সরকারডাঙ্গা দবির হাওলাদের বাড়ি হতে নবীর হাওলাদের বাড়ি পর্যন্ত রাস্তা ইটের সলিংকরণ। | ৭০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ১০৮ | ডেমা ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের রাজুমান শেখের হাটের পূর্বপাড়া দিয়ের রাস্তা থেকে সরকারের বাড়ি পর্যন্ত ইটের সলিংকরণ। | ৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ১০৯ | ডেমা ইউনিয়নের সিদি ডেমা নবীর কুমারের বাড়ী থেকে মহিম উদ্দীন নবীদের কবরস্থান পর্যন্ত রাস্তা সংস্কার। | ৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ১১০ | ডেমা ইউনিয়নের টিপু মল্লিকের বাড়ি হতে সাত্তিক নবীদের বাড়ি অভিমুখে রাস্তা সংস্কার। | ৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ১১১ | ডেমা ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের সারেঙ্গীপুর হাটের পশ্চিমপাড়া দিয়ের রাস্তা থেকে হায়দারের বাড়ির দিকের রাস্তা ইটের সলিংকরণ। | ৫০,০০০/- | ইজিপি টেন্ডার |
| | ১১২ | ডেমা ইউনিয়নে মাধ্যমিক বিদ্যালয় খেলাধুলা সামগ্রী সরবরাহ। | ২,০০,০০০/- | পিআইসি |
| | ১১৩ | উপজেলার বিভিন্ন ইউনিয়নের বালিকা বিদ্যালয়ে স্যানিটারী প্যাড বিতরন | ২,০০,০০০/- | পিআইসি |
| | ১১৪ | উপজেলার মাধ্যমিক বিদ্যালয়সমূহের বিজ্ঞান পাঠে বৈজ্ঞানিক যন্ত্র সারঞ্জাম সরবরাহ | ২,০০,০০০/- | পিআইসি |
| | ১১৫ | উপজেলা পরিষদের জলাবদ্ধতা দূরীকরণে পানি নিষ্কাশনের ব্যবস্থাকরন। | ২,০০,০০০/- | পিআইসি |
| | ১১৬ | উপজেলার শিল্পকলা ভবনের উন্নয়ন আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয়। | ১,৫০,০০০/- | পিআইসি |
| | ১১৭ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ,বাগেরহাট সদর এর আওতাধীন কমিউনিটি ক্লিনিক ও ২ টি উপ - স্বাস্থ্য কেন্দ্রের জন্য চিকিৎসা সামগ্রী সরবরাহ। | ২,০০,০০০/- | পিআইসি |
| | ১১৮ | উপজেলার উন্নয়নমূলক কাজের মান নিয়ন্ত্রনের জন্য পরীক্ষন যন্ত্রপাতি ক্রয়। | ২,০০,০০০/- | পিআইসি |
| | ১১৯ | বাগেরহাট উপজেলাধীন ০৫ টি ইউনিয়নে(কাড়াপাড়া ,বেমরতা,গোটাপাড়া, বিষ্ণুপুর,বারুইপাড়া) মাধ্যমিক বিদ্যালয়ে বেঞ্চ ক্রয় ও বিতরন- | ২,০০,০০০/- | পিআইসি |
| | ১২০ | বাগেরহাট উপজেলাধীন ০৪ টি ইউনিয়নে (যাত্রাপুর, ষাটগম্বুজ, খানপুর, রাখালগাছি) মাধ্যমিক বিদ্যালয়ে বেঞ্চ ক্রয় ও বিতরন- | ২,০০,০০০/- | পিআইসি |
| | ১২১ | উপজেলার বিভিন্ন ইউনিয়নের অসহায় প্রতিবন্ধিদের মাঝে হুইল চেয়ার বিতরন | ২,০০,০০০/- | পিআইসি |
| | ১২২ | উপজেলার বিভিন্ন ইউনিয়নের গবাদি পশুর জন্য লাম্পি স্কীন ডিজিজ (এলএসডি) ভ্যাকসিন ক্রয় ও প্রদান। | ২,০০,০০০/- | পিআইসি |
| | ১২৩ | উপজেলা পরিষদের প্রতিটি ইউনিয়নে আত্মকর্মসংস্থানের লক্ষে অসহায় ও দুঃস্থ মহিলাদের জন্য সেলাই মেশিন সরবরাহ। | ৫,০০,০০০/- | আরএফকিউ |
| | ১২৪ | উপজেলা পরিষদের প্রতিটি ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রীদের মাঝে সাইকেল বিতরন। | ৫,০০,০০০/- | আরএফকিউ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ১২৫ | উপজেলা পরিষদের বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধুলা সামগ্রী বিতরন। | ৫,০০,০০০/- | আরএফকিউ |
| | | ১২৬ | উপজেলা পরিষদের বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ফলজ বৃক্ষের চারা ক্রয় ও বিতরন। | ৫,০০,০০০/- | আরএফকিউ |
| | | ১২৭ | প্রকল্পসমূহ সার্ভে ,তদারকি ও আনুষঙ্গিক | ২,৯৯,৪৪৪/- | বিভাগীয় |
| | | | সর্বমোট= | ২,০২,১২,৩৪৪/ | |

সিদ্ধান্ত : এ ব্যাপারে সভায় বিস্তারিত আলাপ আলোচনান্তে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত উপজেলা স্কীম বাছাই কমিটির গত ২৭/০৫/২০২৫ খ্রি. তারিখের সভার সুপারিশকৃত ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের মোট= ২,০২,১২,৩৪৪/-(দুই কোটি দুই লক্ষ বারো হাজার তিনশত চুয়াল্লিশ) টাকার স্কীমসমূহ বরাদ্দকৃত অর্থ এবং বাস্তবায়নের উল্লেখিত পদ্ধতি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | বিবিধ | ৪.১। হাট-বাজার ইজারা সংক্রান্ত:<br>উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, হাটবাজার ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী ১৪৩২ বাংলা সালে ইজারাযোগ্য ২২টি হাট-বাজারের মধ্যে ১ম ও ২য় দফায় ২২টি হাট-বাজারের ইজারা প্রদান করা হয়। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে বাদীপক্ষের দায়েরকৃত রিট পিটিশন মামলা নং ৪৯৫৮/২০২৫ এর ১৮/০৩/২০২৫ খ্রি. তারিখের আদেশে যাত্রাপুর হাট ০৬(ছয়) মাসের জন্য নিষেধাজ্ঞার আদেশ হয়। যাত্রাপুর হাট বাদে বাকী ২১টি হাট-বাজারের মোট ইজারা মূল্য ১,৫০,০৮,৯৯৯/- (এক কোটি পঞ্চাশ লক্ষ আট হাজার নয়শত নিরানব্বই) টাকা। পরবর্তীতে জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখার ১৩/০৫/২০২৫ খ্রি. তারিখের ০৫.৪৪.০১০০.০১১.৫৫.০০১.২৫-৩১৩ নং স্মারকে যাত্রাপুর হাটের যে অংশটুকুতে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের নিষেধাজ্ঞা আছে সেই অংশটুকু বাদ দিয়ে সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে ইজারা কার্যক্রম চলমান রাখার নির্দেশনা পাওয়া যায়। ২৭/০৫/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটিতে উক্ত হাটের ইজারার পরবর্তী কার্যক্রম স্থগিত রাখার আদেশ প্রত্যাহার করা হয়। উক্ত হাটের ইজারার পরবর্তী কার্যক্রম চলমান রাখার জন্য বছরের পরবর্তী সময় ও জমির বিষয়ে মূল্য নির্ধারণ কমিটি কর্তৃক বর্তমান অবস্থায় মূল্য নির্ধারণ করে প্রতিবেদন দাখিল করা হয়। সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা, ২০১১ এর ৩.৬ অনুচ্ছেদ এবং মূল্য নির্ধারণ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ১৪৩২ বঙ্গাব্দে সম্ভব্য বাৎসরিক ১০৪টি হাটের টোল আদায়ে বিরত থাকা হাটের সংখ্যা ১৩টি বাদে ৯১টি হাটের এবং হাটের মোট ২.২১ একর জমির মধ্যে নিষেধাজ্ঞা মামলাভূক্ত ০.৮২ একর জমি বাদে ১.৩৯ একর জমির হাটের ইজারা মূল্য হিসেবে ১৪,৪৬,৮৪২/- (চৌদ্দ লক্ষ ছেচল্লিশ হাজার আটশত বিয়াল্লিশ) টাকা নির্ধারিত হয়। সে মোতাবেক ২২টি হাটের মোট ইজারা মূল্য হয় ১,৬৪,৫৫,৮৪১/- (এক কোটি চৌষট্টি লক্ষ পঞ্চান্ন হাজার আটশত একচল্লিশ) টাকা। যা গত বছরের তুলনায় বেশি।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪.১) সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখার ১৩/০৫/২০২৫ খ্রি. তারিখের ০৫.৪৪.০১০০.০১১.৫৫.০০১.২৫-৩১৩ নং স্মারকে যাত্রাপুর হাটের যে অংশটুকুতে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের নিষেধাজ্ঞা আছে সেই অংশটুকু বাদ দিয়ে সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে ইজারা কার্যক্রম চলমান রাখার নির্দেশনার প্রেক্ষিতে যাত্রাপুর হাটের পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ইজারা গ্রহীতাগণের সাথে উপজেলা নির্বাহী অফিসার চুক্তিনামা সম্পাদন করবেন এবং চুক্তি মোতাবেক সর্বশেষ অনুমোদিত টোল রেট হাট-বাজারের প্রকাশ্য স্থানে টানিয়ে রাখাসহ ইজারার অন্যান্য শর্ত সঠিকভাবে প্রতিপালন করে কিনা তা তদারকি করতে হবে। | ৪.১<br>উপজেলা নির্বাহী অফিসার |
| | বিবিধ-২ | ৪.২ বাজেট-২০২৫-২৬:<br>উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের ২০২৫-২৬ অর্থ বছরের জন্য প্রস্তুতকৃত বার্ষিক বাজেট উপস্থাপন করেন। উক্ত বাজেটে ৩৯,৮৯২,০০০.০০ টাকার রাজস্ব বাজেট এবং ৪৭,৩৬৮,৫০০.০০ টাকার উন্নয়ন বাজেট উপস্থাপন করেন এবং সকলের মতামত প্রদানের জন্য আহ্বান করেন।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪.২) সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিস্তারিত আলোচনা শেষে উপস্থাপিত বাজেট অনুমোদিত হয় এবং সংশ্লিষ্ট বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

চলমান পাতা-৯

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | দপ্তর ভিত্তিক আলোচনা | সভাপতি কোন দপ্তরের গুরুত্বপূর্ন কোন আলোচনা থাকলে তা সভায় উপস্থাপনের অনুরোধ করেন।<br>৪.১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| | | ৪.২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। এপ্রিল/২৫ মাসের অগ্রগতি ১) স্থায়ী পদ্ধতি-০৬, কপার টি-১৯ ইনজেকশন-৯৬০, ইমপ্লান্ট -২৫, খাবার বড়ি (চক্র)-২২৫১, কনডম (পিস)-১১৫৪, ইসিপি-০১, মিসোপ্রোস্টল-১৩৮ ও .সি.এ.আর-৮১.৭৯%। ২) মা ও শিশু স্বাস্থ্য: গর্ভবতীর সংখ্যা-১২৬৮, গর্ভবতী সেবা-৩৮৭, বাড়ী/হাসপাতাল/ ক্লিনিক এ প্রসব সেবা-২৪২, fwc-তে প্রসব সেবা-৭, মোট প্রসব সেবা-২৪৯, প্রসবোত্তর সেবা ৪৫৭, শিশু জন্ম-২১১, শিশু মৃত্যু-০, মাতৃ মৃত্যু-০, সাধারণ রোগি ১৫৭২। ৩) পদ্ধতি সমূহের অগ্রগতি: মোট দম্পতি-৪৮,৩০৯ টি, বন্ধ্যাকরন (জন)-৫৩৫৪, কপার টি (জন)-৮৭৮,ইনজেকশন (জন)-৬৫৬৪, ইমপ্লান্ট (জন)-২১০১ খাবার বড়ি (চক্র)-২০০৭৪, কনডম (পিস)-৪৫৪১, সি.এ.আর-৮১.৭৯%। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| | | ৪.৩। উপজেলা কৃষি অফিসঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে উফশী আমানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক ৭২০ জন কৃষখের মধ্যে প্রনোদনা কর্মসূচির আওতায় বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে। রবি মৌসুমে ১০,৮৬০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়। ইতোমধ্যে ১০০% ধান কাটা হয়েছে এবং ফলন ভালো হয়েছে। সারের মুজ স্বাভাবিক আছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| | | ৪.৪। উপজেলা মৎস্য অফিসঃ<br>উপজেলা সিনিঃ মৎস্য কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। মৎস্য ও পশুখাদ্য আইন ২০১০ এর আওতায় সকল মৎস্যখাদ্য বিক্রেতার (খুচরা ও পাইকারী) লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক এর আলোকে লাইসেন্স ইস্যু ও নবায়ন প্রক্রিয়া চলমান।। লাইসেন্সবিহীন মৎস্য খাদ্য বিক্রেতাদের বিরুদ্ধে মোবাইল কোর্ট করা আবশ্যক। জেলেদের হালনাগাদ তালিকা প্রণয়নের জন্য নতুন জেলে অন্তর্ভুক্তি ও পেশা পরিবর্তনকারী জেলেদের তালিকা থেকে বাদ দেওয়া আবশ্যক। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিঃ মৎস্য কর্মকর্তা |
| | | ৪.৫। উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কাজ চিকিৎসা সংক্রান্ত সে গুলো ভালোভাবে চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| | | ৪.৬। উপজেলা প্রকৌশল অফিসঃ<br>উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে কর্মসূচীর (এডিপি) আওতায় ০৪(চার) কিস্তিতে ৮৪,৫২,০০০.০০ (চুরাশি লক্ষ বায়ান্ন হাজার) টাকার অনুমোদিত স্কীম সমূহের কাজ চলমান আছে এবং কাজের অগ্রগতি সন্তোষজনক। অতি বৃষ্টির কারনে অগ্রগতির একটু মন্থর হচ্ছে হবে আশা করা যায় নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত হবে। তছাড়া রাজস্ব তহবিল গৃহীত স্কীমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত হবে। তাছাড়া এলজিইডি'র অন্যান্য কার্যক্রম যথা নিয়মে চলামান আছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

৪.৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।

| ক্রম নং | খাতের নাম | | বরাদ্দের পরিমাণ (মেঃ টন/টাকা) | গৃহীত প্রকল্প সংখ্যা | ব্যয়ের পরিমাণ (মেঃ টন/টাকা) | সমাপ্ত প্রকল্প সংখ্যা | অগ্রগতি % | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | সাধারণ (কাবিখা/কাবিটা) ১ম ও ২য় পর্যায় | চাল | ১০৬.৩৯৭৯ মে: টন | ১৯টি | ৬৩.০০০ মে.টন | -- | ৬০% | |
| | | গম | ১০৬.৩৯৭৯ মে: টন | ১৪ টি | ৬৯.০০০ মে: টন | -- | ৬৫% | |
| | | টাকা | ১,৪৮,৯৫,৭০৫/১৫ টাকা | ৬৬ টি | ৮৯,৩৭,৪২৩/- টাকা | -- | ৬০% | |

চলমান পাতা-১০

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০২ | সাধারণ (টিআর) ১ম ও ২য় পর্যায় | | ১,৩৪,৩৩,৬৮৯/৫১ টাকা | ১০১ টি | ৮০,৬০,২১৩/- টাকা | -- | ৬০% |
| ০৩ | পৌরসভা (টিআর) ১ম ও ২য় পর্যায় | | ১৯,৮৯,৯৪০/১০ টাকা | ১৭ টি | ১১,৯৩,৯৬৪/- টাকা | -- | ৬০% |
| ০৪ | বিভাগীয় কমিশনার (টিআর) ১ম ও ২য় পর্যায় | | ৬,০০,০০০/- টাকা | ০৩টি | ৩,৬০,০০০/- টাকা | -- | ৬০% |
| ০৫ | জেলা প্রশাসক (টিআর) ১ম ও ২য় পর্যায় | | ১২,০০,০০০/- টাকা | ০৭টি | ৮,৪০,০০০/- টাকা | -- | ৭০% |
| ০৬ | সাধারণ (কাবিখা/কাবিটা) ১ম ও ২য় পর্যায় | চাল | ৪২.৫৫৯ মে.টন | ১২টি | ২১.০০০ মে.টন | -- | ৫০% |
| | | গম | ৪২.৫৫৯ মে.টন | ১২টি | ২১.০০০ মে.টন | -- | ৫০% |
| | | টাকা | ৭৪,৪৭,৮৫২/৫৮ টাকা | ৩১টি | -- | -- | -- |
| ০৭ | সাধারণ (টি আর) ৩য় পর্যায় | | ৬৭,১৬,৮৪৪/৭৬ টাকা | ৪৪টি | -- | -- | -- |
| ০৮ | পৌরসভা (টিআর) ৩য় পর্যায় | | ৯,৯৫,০২৬/১৫টাকা | ০৮টি | -- | -- | -- |
| ০৯ | এইচবিবি প্রকল্প | | ৭৪,৩৩,৭৫০/- টাকা | ০১টি প্যাকেজ | ১৭,৮২,০০০/- টাকা | -- | ৬০% |

সিদ্দান্ত: সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪.৮। উপজেলা সমাজসেবা অফিসঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট সদরের স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। ২০২৪-২৫ অর্থ বছরের নতুন ও পুরাতন ভাতাভোগীদের অর্থ ব্যাংক এশিয়ার মাধ্যমে প্রেরণের কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া ক্যান্সার, কিডনি সহ ০৬ টি গুরুতর রোগের চিকিৎসা সহায়তা হিসেবে রোগী বাছাই কার্যক্রম শুরু হয়েছে। সার্বিক কর্মকান্ড চলমান।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৪.৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসঃ<br>উপজেলা মাধ্যমিক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, চলমান এসএসসি-২০২৫ গত ১৩/০৫/২০২৫ খ্রি. সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা শেষ হয়েছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম চলমান আছে। গত জানুয়ারি-২০২৫ মাসের মাসিক সভার(মাধ্যমিক) সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের অফিস সহকারী -কাম-কম্পিউটার অপারেটরদের প্রতিষ্ঠানের আর্থিক সহায়তায় উপজেলা মাধ্যমিক অফিসের উদ্যেগে অফিস ব্যব্থাপনার উপর একদিনের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৪.১০। উপজেলা শিক্ষা অফিসঃ<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল কার্যক্রম ভালোভাবে চলছে তবে বিভিন্ন বিদ্যালয়ে কিছু শিক্ষার্থীর জন্ম সনদ না থাকায় উপবৃত্তির সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। এক্ষেত্রে বিদ্যালয়ে ভর্তির জন্য যাদের জন্ম সনদ প্রয়োজন তাদের অভিভাবক কর্তৃক ইউনিয়ন পরিষদে দাখিলকৃত আবেদন বা প্রয়োজনীয় কাগজপত্রের উপরে ক্যাচমেন্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক “ বিদ্যালয়ে ভর্তি অগ্রাধিকার” লিখে/সীল দিয়ে স্বাক্ষর করলে সেই জন্ম সনদ দ্রুততম সময়ে ইস্যু করতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক গণের প্রতি অনুরেধ জানান।শ্রীঘাট ফুলবাড়ী সপ্রাবি (ষাটগুম্বজ ইউনিয়ন), সাহসপুর সপ্রাবি ও খালিশপুর সপ্রাবি (বিষ্ণুপুর ইউনিয়ন) এবং উৎকুল | বিদ্যালয়ে ভর্তি ক্ষেত্রে জন্ম নিবন্ধন গুলো জরুরি করে দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

চলমান পাতা-১১

| | | | | |
|---|---|---|---|---|
| | | পশ্চিমপাড়া সপ্রাবি (যাত্রাপুর ইউনিয়ন) এ টিউবওয়েল না থাকায় অথবা বিদ্যমান অচল টিউবওয়েল মেরামত অযোগ্য হওয়ায় নতুন টিউবওয়েলের ব্যবস্থা করার জন্য বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ জানানো হলো। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |
| | | ৪.১১। উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি আরও বলেন (১) ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রম: ২০২৩-২০২৪ চক্রের মেয়াদ ডিসেম্বর, ২০২৪ মাসে সমাপ্ত হয়েছে। কিন্তু ইতোমধ্যে ২০২৩-২০২৪ চক্রের মেয়াদ জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করার কারনে খাদ্যশস্যর বরাদ্দ পাওয়া গেছে। উপকারভোগীর সংখ্যা-২১৬৯ জন। সে মোতাবেক উপকারভোগীদের চাল বিতরণ অব্যাহত আছে। ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইন আবেদন সমাপ্ত হয়েছে। ১৫ জুন, ২০২৫ তারিখের মধ্যে তালিক চুড়ান্ত করার নির্দেশনা রয়েছে। (২) মা ও শিশু সহায়তা কর্মসূচি: "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির প্রত্যেক পৌরসভা/ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের মাধ্যমে নীতিমালার আলোকে ৪-৬ মাসের গর্ভবতী মহিলাদের প্রতিমাসে অনলাইনে আবেদন গ্রহণ করা হয়েছে। যাচাই বাছাইয়ের মাধ্যমে প্রতিমাসের উপকারভোগী প্রতিমাসে তালিকা চুড়ান্ত করণের কাজ চলমান রয়েছে। একজন মহিলা তিন বছর পর্যন্ত প্রতিমাসে ৮০০/- টাকা হারে তার নিজ ব্যাংক হিসাব অথবা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে এ ভাতা প্রাপ্য হবেন। প্রতিমাসে প্রতি ইউনিয়নে ৫ জন করে এবং পৌরসভায় প্রতি ওয়ার্ডে ২জন করে ভাতভোগী নির্বাচন করা হয়। উপকারভোগীর সংখ্যা-২২০৬ জন। এ কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। (৩) মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম: ক) সদর কার্যালয়, ঢাকা হতে এ পর্যন্ত মূলধন প্রাপ্তি-১০.৯৫ লক্ষ টাকা।খ) ঋণগ্রহীতার সংখ্যা (ক্রমিপুঞ্জিত)-২০৭ জন। গ) বিতরণকৃত ঋণের পরিমাণ (ক্রমিপুঞ্জিত):১৯.০৭ লক্ষ টাকা। উপকারভোগীর সংখ্যা-২০৭ জন। (৪) কিশোর কিশোরী ক্লাব স্থাপন: বাগেরহাট সদর উপজেলাধীন ১০টি ইউনিয়ন এবং ০১টি পৌরসভায় এ কার্যক্রম চালু আছে। প্রত্যেক ক্লাবে ২০জন কিশোরী ও ১০ জন কিশোরের সমন্বয়ে এক একটি ক্লাব পরিচালিত হচ্ছে। উপকারভোগীর সংখ্যা-৩৩০ জন। সপ্তাহে ২দিন জেন্ডার সমতা, সংগীত ও আবৃত্তি বিষয়ে প্রশিক্ষন ও সচেতনতামূলক আলোচনা করা হয়। (৫) "Accelerating Action to End Child Marriage in Bangladesh" (Phase-II): মহিলা বিষয়ক অধিদপ্তর এবংUNFPA এর যৌথ উদ্যোগে বাস্তবায়নাধীন "Accelerating Action to End Child Marriage in Bangladesh" (Phase-II) শীর্ষক কারিগরি প্রকল্পের আওতায় বাগেরহাট জেলার ৯টি উপজেলায় এ প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। ৭৫টি ইউনিয়নে যৌন হয়রনী ও বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি গঠন ও বিদ্যমান কমিটিকে সক্রিয়করার মাধ্যমে এ প্রকল্পের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| | | ৪.১২। উপজেলা যুব উন্নয়ন অফিসঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্র ৪২০ জন। এপ্রিল/২৫ মাস পর্যন্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৪২০ জন। এপ্রিল/২৫ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভুত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৬৫৮৩ জন। ২০২৪-২০২৫ অর্থ বছরে আত্মকর্ম সৃজনের লক্ষ্যমাত্র ১১৩ জন। এপ্রিল/২৫ মাস পর্যন্ত আত্মকর্মী করা হয়েছে ৯৮জন। ২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্র ৩২,৮০,০০০/- টাকা। এপ্রিল/২৫ মাস পর্যন্ত বিতরণ হয়েছে ৩৩,৫০,০০০/-। এপ্রিল/২৫ মাস পর্যন্ত আদায় হয়েছে ২,০৫,৪১২/-। আদায়ের হার ১০০%। ২০২৪-২০২৫ অর্থ বছরে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা ৩৬টি। এপ্রিল/২৫ মাস পর্যন্ত বায়োগ্যাস প্লান্ট | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

চলমান পাতা-১২

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্থাপন হয়েছে ৭টি। ২০২৪-২০২৫ অর্থ বছরে ওরিয়েন্টশন প্রশিক্ষণের লক্ষ্যমাত্র ২টি। এপ্রিল/২৫ মাস পর্যন্ত ওরিয়েন্টশন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ২টি। | | |
| | | ৪.১৩। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ<br>উপ-সহকারী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে চলমান প্রকল্পসমূহ:<br>*সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১২০টি গভীর নলকূপের কাজ চলমান।<br>* সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় রুরাল পাইপড স্কীমের ৭০% কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে এবং কাজ চলমান রয়েছে।<br>*পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের ০৫টি ওয়াটার পয়েন্ট, ১৮টি স্ট্রীট হাইড্রেন্ট ও ১০০ টি হাউজ কানেকশনের কাজ সম্পন্ন হয়েছে।<br>*০৫টি কমিউনিটি টয়লেট ও ১টি সেকেন্ডারী ট্রান্সফার স্টেশন করা হয়েছে। সাইট না পাওয়ায় ২টির নির্মাণ কাজ সম্ভব হয়নি।<br>*ফিকাল ও সলিড ওয়েস্ট ট্রিটমেন্ট প্লান্ট কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। অতি দ্রুত কাজ শুরু হবে। | অধিদপ্তরের পত্রের নির্দেশনা মোতাবেক কমিউনিটি টয়লেট নির্মাণের সাইড নির্বাচনের ব্যবস্থা করতে হবে বিশেষ করে হাট-বাজারকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। | উপ-সহকারী প্রকৌশলী উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| | | ৪.১৪। উপজেলা সমবায় অফিসঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা-১৮২টি, অডিটযোগ্য কার্যক্রর সমবায় সমিতি ১৬৮টি, অকার্যকর সমবায় সমিতি-০৬টি, ২০২৩-২৪ বর্ষে বাতিলকৃত সমবায় সমিতি-১৬টি,বিআরডিবি সমবায় সমিত মোট ৭২টি, সর্বমোট সমিটি ২৫৪টি। আশ্রয়ণ সমবায় সমিতি মোট-১৫টি তারমধ্যে ঋণ দেওয়া আছে ৩টি সমিতি। আশ্রয়ণ-০৪টি, আশ্রয়ণ-২-০৯টি, আশ্রয়ণ ফেইজ-২ -০২টি। ঋণ কার্যক্রম আছে ০৩টি। ১) ভট্রবালিয়াঘাটা আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্প ঋণ দাদন ২৭,৩৬,০০০/-টাকা , ঋণ আদায় ১৮,৪০,৯৪২/-টাকা বকেয়া ৮,৯৫,৭৩১/- টাকা। ২) খানপুর-সুগন্ধি আশ্রয়ণ প্রকল্প প্রকল্প ঋণ দাদন ১৩,৩৮,০০০/-টাকা, ঋণ আদায় ৬,১২,৪৪৬/- টাকা বকেয়া ২,১৩,৪২৮/- টাকা।৩) আব্দুল রসুলপুর আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২)প্রকল্প ঋণ দাদন ১১,৮৫,০০০/-টাকা, ঋণ আদায় ৫,৪৯,৮৭৪/- টাকা বকেয়া ২,৪২,৭৫৩/- টাকা। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| | | ৪.১৫। উপজেলা পল্লী উন্নয়ন অফিসঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের চলিত বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৭কোটি ১২ লক্ষ টাকা। চলতি মে/২০২৫ মাস পর্যন্ত মোট ঋণ বিতরণ হয়েছে ৫ কোটি ৫ লক্ষা টাকা যা লক্ষ্যমাত্রার ৭০.৯৩%। ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৭ কোটি ৮০ লক্ষ টাকা চলতি মে/২০২৫ মাস পর্যন্ত আদায় হয়েছে ৫ কোটি ৫৭ লক্ষ টাকা। যা লক্ষ্য মাত্রার ৭১.৪১%। প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪৭০ জনের। চলতি মে/২০২৫ মাস পর্যন্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৩০০ জন উপকারভোগীকে। তাছাড়া কাড়াপাড়া বালিকা বিদ্যালয়ে ও ইয়াকুব আলী মাধ্যমিক বিদ্যালয়ে ২টি কিশোরী ক্লাব রয়েছে। যার সদস্য সংখ্যা ২০০ জন। কিশোরী ক্লাবের সদস্য ছাত্রীগণ প্রতিমাসে ২০০ টাকা সঞ্চয় জমা করেন এবং সরকার ৪০০টাকা ইনসেনটিভ বোনাস দিয়ে থাকেন। মোট ৬০০ টাকা প্রতিমসে তার নামে জমা হয়। ১৮ বছর পূর্তিতে ব্যাংকিং হারে মুনাফাসহ তাকে প্রদান করা হয়। দুইটি বিদ্যালয়ের কিশোরী ক্লাবের ১০০জন ছাত্রীকে ২মাস অন্তর ১টি করে সচেতনমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | | ৪.১৬। উপজেলা পরিসংখ্যান অফিসঃ<br>উপজেলা পরিসংখ্যান অফিসের দ্বায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মুলত আর্থসামাজিক উন্নয়ন পরিকল্পনায় তথ্য সরবরাহ করে থাকে। মে/২০২৫ মাসে অফিসের নিয়মিত কাজ বিভিন্ন ফসলের আনুমানিক হিসাব তথ্য সংগ্রহ ও সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। অর্থনৈতিক শুমারি-২০২৩ এর সংগৃহিত বিভিন্ন প্রতিষ্ঠানের তথ্য কোডিং কাজ সম্পন্ন করা হয়েছে। জনশুমারি ও গৃহগণনা-২০২২ অনুযায়ী | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসের দ্বায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |

চলমান পাতা-১৩

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাগেরহাট সদর উপজেলার আয়তন (একরে) ৭৭৭০৬.৯৭ একর, আয়তন বর্গ কিলো মিটারে ৩১৪.৪৬ কি:মি: খানার সংখ্যা-৭৩১৭৬, মৌজার সংখ্যা-১৮৪ টি শিক্ষার হার পুরুষ-৮২.৯৬%, মহিলা-৮১.৯৬% এবং গড় ৮১.৯৫%। দারিদ্রতার হার-১৪.৩%, লোক সংখ্যা পুরুষ-১৪৩৭৭৯ জন, মহিলা-১৪৪৮৭০ জন, মোট-২৮৮৬৪৯ জন ও লোসংখ্যার ঘনত্ব (ব:কি:) ৯১৭.৯১ জন। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | | |
| | | ৪.১৭। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভাকে অবহিত করেন যে, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনে মে/২০২৫ মাসে মোট সদস্য সংখ্যা ৫৪৫১ জন, মোট ঋণী সদস্য-৩৬৮৬ জন, মোট ঋণ বিতরণ-৪৭.২০ লক্ষ টাকা, মোট ঋণ আদায়-৪১.৭১ লক্ষ, আদায়ের হার ৯৭%, সঞ্চয় আদায়৭.০১ লক্ষ (সদস্যের পুঁজি গঠন)। ২০২৪-২০২৫ অর্থ বছরে মে/২০২৫ পর্যন্ত মোট বিতরণ ৩৮২.৬০ লক্ষ এবং আদায়ের হার ৯৭%।<br>সেবামূলক কার্যক্রম: নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (যেমন: (i) গাভী পালন ও গরু মোটাতাজাকরণ (ii) হাঁস-মুরগী পালন, (iii) শাক-সবজি চাষ, (iv) মৎস্য চাষ। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা (ভারপ্রাপ্ত) |
| | | ৪.১৮ উপজেলা রির্সোর্স সেন্টার:<br>ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোর্স সেন্টার সভাকে অবহিত করেন যে, মে/২০২৫ মাসের কার্যক্রম:<br>• বিদ্যালয় পরিদর্শন: পরিদর্শন প্রমাপ অনুযায়ী ৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে শিক্ষার্থীদের শিখন-শেখানো কার্যক্রমের উন্নয়নে পরামর্শ ও সহযোগিতা প্রদান করা হয়।<br>• চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণের লিফলেট প্রণয়ন: ২০২৪-২৫ অর্থ বছরে ৩য় ধাপের চাহিদাভিত্তিক সাব ক্লাস্টার প্রশিক্ষণের লিফলেট/ তথ্য প্রত্রিকা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত বিষয়ের আলোকে প্রণয়ন করা হয়।<br>• চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ পরিদর্শন: বাগেরহাট সদর উপজেলায় উপজেলা সহকারী প্রাথমিক অফিসার কর্তৃক পরিচালিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করা হয়।<br>• এছাড়া দপ্তরের চলমান দাপ্তরিক কাজ, পিটিআই এর মিটিংসহ অন্যান্য মিটিংএ অংশ গ্রহণ করা হয় এবং দপ্তরের চলমান মেরামত ও সংস্কার কাজ পর্যবেক্ষণ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোর্স সেন্টার |
| | | ৪.১৯ পল্লী সঞ্চয় ব্যাংক:<br>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে জানান যে, মে/২০২৫ মাসের অগ্রগতি: মোট সদস্য সংখ্যা: ১০৮৮৫ জন, নিজস্ব সঞ্চয়-৫ কোটি ৪১ লক্ষ টাকা, ঋণ গ্রহণকারী সদস্য ৬৬০৪ জন, মোট ঋণ বিতরণ-৩ কোটি ৭১ লক্ষ, মোট ঋণ আদায়-৪, কোটি ৩৮ লক্ষ, মোট ঋণ আউট স্ট্যান্ডিং ১৭ কোটি ৩৪ লক্ষ টাকা এবং আদায়ের হার ৮৬%। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| | | ৪.২০ সামাজিক বন বিভাগ:<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, ষাটগম্বুজ এসএফএনটিসি, সামাজিক বন বিভাগ সভাবে অবহিত করেন যে, ২০২৪-২৫ আর্থিক সনে পরিচালন ব্যয় খাতের আওতায় বিক্রয় বিতরণের জন্য ৫০,০০০ টি চারা উত্তোলন করা হয়। তার মধ্যে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, বাগেরহাট এর নিকট থেকে ১৬,০০০ টি চারা বিক্রয় করা হয়েছে। তাছাড়া জনসাধারণের নিকট চারা বিক্রয়ের কাজ চলমান আছে। নার্সারীতে চারা রক্ষনাবেক্ষনের কাজ চলমান আছে। নার্সারীতে ৯/- টাকা মূল্যের চারা বিক্রয়ের ব্যবস্থা আছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান রয়েছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, ষাটগম্বুজ এসএফএনটিসি, সামাজিক বন বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪.২১ উপজেলা নির্বাচন অফিস:<br>উপজেলা নির্বাচন অফিসার সভা কে অবহিত করেন যে, জাতীয় পরিচয়পত্রের সেবা সংক্রান্ত কার্যক্রম (নতুন অন্তর্ভুক্তি, সংশোধন, হারানো ও স্থানান্তর) তার কার্যালয়ে চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম ধারা অব্যাহত রাখাসহ সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| | | ৪.২২ তথ্য আপা;<br>তথ্য সেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে: তথ্য আপা প্রকল্প, ২য় পর্যায় এর মে/২০২৫ মাসর মাসিক প্রতিবেদন:<br>*তথ্যকেন্দ্রের সেবা প্রদান: তথ্য কেন্দ্রে মে/২৫ মাসে ০৬টি বিষয়ে (তথ্যপ্রযুক্তি, শিক্ষা, স্বাস্থ্য, আইন, কৃষি ও ব্যবসা) সেবা প্রদান করো হয়েছে। বিশেষত মহিলাদের বিভিন্ন অনলাইন আবেদন(vwb, চাকরি) বিনামূল্যে করা হয়েছে। এছাড়া মহিলাদের প্রাথমিক স্বাস্থ্য সেবা(ডায়াবেটিস পরিমাপ, প্রেসার পরিমাপ) প্রদান করা হয়।<br>*ডোর টু ডোর সেবা প্রদান: মে/২৫ মাসে ডোর টু ডোর সেবার মাধ্যমে মহিলাদের বিভিন্ন বিষয়ে সচেতন করা যেমন: বাল্যববিাহ নিরোধ, করনা ও ডেঙ্গু বিষয়, নারী নির্যাতন বিষয়ে করণীয়, বিভিন্ন সরকারি সেবা সম্পর্কে সচেতনতা ইত্যাদি।<br>* উঠান বৈঠক: মে/২৫ মাসে ২টা উঠান বৈঠাক অনুষ্ঠিত হয়। উঠান বৈঠাকে স্বাস্থ্য সচেতনতা ও সমাজসেবা কার্যক্রম সম্পর্কে মহিলাদের অবহিতকরণ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা |

পরিশেষে সভাপতি অন্তর্বর্তী সরকার প্রধানের নির্দেশনা বাস্তবায়নে স্বীয় দায়িত্বের প্রতি অধিকতর আন্তরিক হওয়ার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। অত:পর সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/০৫/২৫
(এস.এম.মুস্তাফিজুর রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ
বাগেরহাট সদর, বাগেরহাট।

**উপজেলা পরিষদ**
**বাগেরহাট সদর, বাগেরহাট।**

স্মারক নং-০৫.৪৪.০১০৮.০০০.০৬.০০২.২৩- ৪০৪ | তারিখঃ ২৯মে ২০২৫ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, বাগেরহাট সদর, বাগেরহাট।
০৫। উপজেলা ........................................................ অফিসার (সকল), বাগেরহাট সদর, বাগেরহাট।
০৬। প্রশাসক/চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যান.................................... ইউপি(সকল) বাগেরহাট সদর, বাগেরহাট।
০৭। জনাব......................................................................।
০৮। অফিস কপি।

২৯/০৫/২০২৫
(এস.এম.মুস্তাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বাগেরহাট সদর, বাগেরহাট।

চলমান পাতা-১৫

CamScanner